বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৭.০০১.২০.১২৫

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের অক্টোবর,২০২১ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের ক্রমিক নং-০৭ এর আলোকে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৫২৪, তারিখঃ ০৮.১১.২০২১ খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পানি সম্পদ মন্ত্রণালয়ের অক্টোবর,২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীটি এতদসংগে সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তের ক্রমিক নং-০৭ এ "সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিস্পন্ন বিষয়ের তালিকা এবং মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রেরণ করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে আপনার দপ্তরাধীন সংশ্লিষ্ট কোন বিষয় পানি সম্পদ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন থাকলে তার তালিকা জরুরীভিত্তিতে আগামী ২১.১১.২০২১খ্রিঃ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
উল্লেখ্য যে, উক্ত সময়ের মধ্যে কোন দপ্তর হতে এ বিষয়ে তথ্যাদি না পাওয়া গেলে পানি সম্পদ মন্ত্রণালয়ে উক্ত দপ্তরের কোন অনিষ্পন্ন বিষয় নেই হিসাবে বিবেচ্য হবে।

মহাপরিচালক, বাপাউবো, মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৭-১১-২০২১
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী (পুর)/প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), বাপাউবো, ঢাকা।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর)
৩) পরিচালক (ঢাকাস্থ সকল দপ্তর)

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৭.০০১.২০.১২৫/১(৭)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭-১১-২০২১
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের অক্টোবর, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | কবির বিন আনোয়ার<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ৩১ অক্টোবর,২০২১ |
| সভার সময় | বেলা ১১.৩০ টায় |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র. ন. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন। | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণী গৃহীত করা হ'ল। | প্রশাসন-০২ শাখা, পাসম। |
| ০২. | Time bound প্রতিবেদন প্রেরণ। | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রশাসন-০২ শাখা, পাসম। |
| ০৩. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা। | এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, বর্তমান হালনাগাদ তালিকা অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়কর্তৃক বাস্তবায়নযোগ্য মাননীয় প্রধানমন্ত্রীর মোট প্রতিশ্রুতি ৫০টি। বাস্তবায়ন সমাপ্তকৃত ৩৭টি এবং বাস্তবায়নাধীন ৮টি।<br>প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন এরূপ প্রতিশ্রুতি৫টি।<br>সভায় উপসচিব (উন্নয়ন-২) এ বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। | (ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) বাপাউবো কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদনের বিষয়টি তরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । | উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং,পাসম ও বাপাউবো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা। | সভায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ০২টি নির্দেশনা রয়েছে।<br>ক) তিস্তা ব্যারেজের উপরিভাগে বাংলাদেশের অভ্যন্তরে তিস্তা নদীর ১৬ কিলোমিটার এলাকা খননের নিমিত্ত "তিস্তার উজানে নদী সিস্টেম ড্রেজিং এর মাধ্যমে পলি অপসারণ" শীর্ষক প্রকল্প প্রণয়নের লক্ষ্যে অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, নকশা ও গবেষণা, বাপাউবো-কে আহ্বায়ক করে IWM, CEGIS, JRCএবং BUET এর WREওIWFM এর বহিঃসদস্যসহ ১৫ সদস্য বিশিষ্ট একটি উচ্চ কারিগরি কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে কারিগরি কমিটির প্রতিবেদন প্রণয়নাধীন রয়েছে। কারিগরি কমিটির প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করা হবে।<br>খ) বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের জন্য "যমুনা রিভার ইকোনমিক করিডর ডেভোলপমেন্ট প্রোগ্রাম, ফেজ-১ (বাপাউবো অংশ)" শিরোনামে একটি পাইলট প্রকল্প প্রণয়ন করা হয়েছে। প্রণীত প্রকল্পটির উপর সিনিয়র সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে গত ০৭.১০.২০২১খ্রিঃ অনুষ্ঠিত যাচাই সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি বাপাউবো হতে মন্ত্রণালয়ে দাখিল করা হবে মর্মে সভায় বাপাউবোর প্রতিনিধি জানান। প্রণীত পাইলট প্রকল্পটি অনুমোদন সাপেক্ষে উক্ত প্রকল্পের আওতায় বিস্তারিত সমীক্ষা সম্পাদন সাপেক্ষে ২য় পর্যায়ে প্রকল্প গ্রহণ করা হবে। | (ক) পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।<br>(খ) বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের জন্য "যমুনা রিভার ইকোনমিক করিডর ডেভোলপমেন্ট প্রোগ্রাম, ফেজ-১ (বাপাউবো অংশ)" শিরোনামে একটি পাইলট প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | বাপাউবো এবং সংশ্লিষ্ট শাখা, পাসম |
| ০৫. | বার্ষিক কার্য সম্পাদন চুক্তি। | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণ করা হয়েছে। | ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে। | প্রোগ্রামার, পাসম ও সংশ্লিষ্ট সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কর্যক্রম। | ভায় এ মন্ত্রণালয়ের প্রোগ্রামার জানান, ক) মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। এটুআই কর্তৃক ই-নথি সিস্টেম সার্ভার পরিবর্তনের কাজ ২৫ অক্টোবর ২০২১ শেষ হওয়ার কথা জানিয়েছিলেন এটুআই। এক সপ্তাহ পূর্বে এটুআই এর প্রতিনিধিগণ পানি সম্পদ মন্ত্রণালয়ে এসে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে ই-নথি বিভিন্ন সমস্যা নিয়ে আলাপ করেছিলেন এবং ২৫ অক্টোবর ২০২১ তারিখের পর ই-নথি কার্যক্রমে বিঘ্ন হবে না বলে জানিয়েছিলেন। সংস্থাসমূহের নতুন দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমে অন্তর্ভূক্ত করতে আরো ৪-৫ মাস সময় লাগবে বলে মৌখিকভাবে জানিয়েছেন এটুআই কর্তৃপক্ষ।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে যে নিদের্শনা দেয়া হয়েছে সে মোতাবেক মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের ওয়েবসাইটে সেবাবক্সগুলো হালনাগাদ করা হয়েছে। এ ছাড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কর্মকর্তাগণের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহ হালনাগাদ রয়েছে।<br>গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক যথাসময়ে ভিডিও কনফারেন্স আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>আইসিটি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। <u>যেমন:</u><br>১। ই-নথি সিস্টেম, ই-রিকুইজিশন সিস্টেম, জিআরএস সিস্টেম সংক্রান্ত কার্যক্রম।<br>২। মন্ত্রণালয়ের ওয়েবসাইট, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য হালনাগাদ ইত্যাদি।<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন ও এর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।<br>৪। ইন্টারনেট, নেটওয়ার্ক, সার্ভার, কম্পিউটার মেইন্টেন্যান্স ইত্যাদি কার্যক্রম ।<br>৫। ২০২১-২২ অর্থবছরের ই-গভার্নেন্স ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম । গত ২৬ আগস্ট ২০২১ তারিখের ই-গর্ভানেন্স ও ইনোভেশন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া গত ২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে যশোর জেলার ভবদহে একটি উদ্বোধনী প্রকল্প পরিদর্শনসহ তৎসংশ্লিষ্ট একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।<br>সভায় যুগ্মসচিব (প্রশাসন) মহোদয় জানান, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রমাণক হিসেবে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীর প্রয়োজনীয়তা সভায় তুলে ধরেন। প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক)সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহেরনথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের আইসিটি শাখা সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়টি মনিটরিং করবেন এবং আইসিটি বিষয়ক সকল কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করবেন।<br>(গ) সংস্থাসমূহের ই-ফাইলিং কার্যক্রম তরান্বিত করতে হবে।<br>(ঘ) এখন থেকে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখা /শাখা, পাসম এবং আইসিটি শাখা, পাসম |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা। | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলী মন্ত্রণালয়ের সকল অধিশাখা, শাখা ও সংস্থা সমূহের এ ধারা অব্যাহত আছে। সভাপতি অনিষ্পন্ন বিষয়ের তালিকা সম্পর্কে জানতে চান এবং সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের তালিকা এবং মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রেরনের নির্দেশনা প্রদান করেন।<br>(খ) সংস্থাপ্রধানগণের ই-নথি ড্যাশ বোর্ডের উপর অর্ধদিবস ব্যাপী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে এটুআই এর সাথে আলোচনা হয়েছে। চলতি অর্থবছরের ১০-১১ নভেম্বর ২০২১ তারিখের দিকে আয়োজন করা হবে। | (ক) সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের তালিকা এবং মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রেরণ করতে হবে।<br>(খ) সংস্থাপ্রধানগণের ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা।<br>(খ) আইসিটি শাখা, পাসম ও সকল সংস্থা। |
| ০৮. | উন্নয়ন প্রকল্প পরিদর্শন। | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, (ক) জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ০১/০৯/২০২১ হতে ১৬/১০/২০২১ পর্যন্ত ১৮টি জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ পরিদর্শন করেছেন।<br>(খ) আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থাপনের জন্য চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্ভুত সমস্যাদির হালনাগাদ তথ্যাদি ৩১/০৭/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নয় (০৯) জোনের প্রধান প্রকৌশলীগণ কে পত্র প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে কুমিল্লা, বরিশাল অঞ্চল হতে তথ্যাদি প্রেরণ করেছেন। ঢাকা, চট্টগ্রাম, সিলেট, ফরিদপুর, রংপুর, রাজশাহী ও খুলনা-এর তথ্যাদি না পাওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাপাউবো বরাবর পত্র দেয়া হয়েছে। অবশিষ্ট তথ্যাদি পাওয়া গেলে আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করা যেতে পারে। এ বিষয়ে বাপাউবোর প্রতিনিধি জানান, যে সকল প্রধান প্রকৌশলীগণ চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নে উদ্ভুত সমস্যাদির হালনাগাদ তথ্যাদি প্রেরণ করেননি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য বাপাউবো হতে গত ৩০.০৯.২০২১ পত্র প্রদান করা হয়েছে। সভাপতি কর্মকর্তাদের পরিদর্শন প্রতিবেদনের উপর সপ্তাহে এক দিন আলোচনা করার এবং প্রতিবেদনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) জেলাভিত্তিক যে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ পরিদর্শন করেননি তারা দ্রুত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।<br>(খ) যে সকল প্রধান প্রকৌশলীগণ চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নে উদ্ভুত সমস্যাদির হালনাগাদ তথ্যাদি প্রেরণ করেননি তা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক বাপাউবো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(গ) কর্মকর্তাদের পরিদর্শন প্রতিবেদনের উপর সপ্তাহে এক দিন আলোচনা এবং প্রতিবেদনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো।<br>('খ'ও 'গ') উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা), পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো’র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ। | পরামর্শক প্রতিষ্ঠান প্রফেশনাল এসোসিয়েটস লিমিটেড এর সাথে গত ১৬.০৯.২০২১ তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে।‘বাপাউবোর ঢাকাস্থ নিজস্ব কম্পাউন্ডে আবাসিক ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণ” শীর্ষক প্রকল্প এবং বাপাউবো কর্তৃক প্রস্তাবিত “বাপাউবো’র অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে বাপাউবোর প্রতিনিধি জানান, ডিসেম্বর ২০২১ এর মধ্যে ফাইনাল রিপোট পাওয়ার সম্ভাবনা রয়েছে। ফাইনাল রিপোট পাওয়ার পর মন্ত্রণালয়ে ডিপিপি প্রেরণ করা হবে। | প্রণীতব্য ডিপিপির Proforma for Feasibility Study কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | পরিকল্পনা উইং ও বাপাউবো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। | সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট আপীল বিভাগে ৩৭টি, হাইকোর্ট বিভাগে ৬৫২টি ও নিম্ন আদালতসমূহে ৩,৬৬৩টি সহ মোট ৪,৩৫২টি মামলা বিচারাধীন রয়েছে। নদী গবেষণা ইনস্টিটিউটের মামলার সংখ্যা ১৩টি এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলার সংখ্যা ০৩টি সহ সর্বমোট মামলার সংখ্যা ৪,৩৬৮টি।<br>মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ অব্যাহত রয়েছে। তাছাড়া বোর্ডের মালিকানাধীন ভূমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের লক্ষ্যে জেলা প্রশাসকদের সাথে মাঠ পর্যায়ে যোগাযোগ অব্যাহত আছে। বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট আদালতে বিচারাধীন ও নিস্পত্তিকৃত মামলাসমূহের তথ্যাদি স্বয়ংক্রিয়করণের (Automation) লক্ষ্যে একটি ডাটাবেইজ সফটওয়্যার তৈরীর কাজ কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো-তে প্রক্রিয়াধীন আছে। এ বিষয়ে বাপাউবোর প্রতিনিধি জানান, বাজেট পাওয়া গেলে সফওয়ার তৈরী করা সম্ভব হবে।<br>যুগ্ম জেলাজজ ১ম আদালত, পটুয়াখালীতে বিচারাধীন কুয়াকাটা রেস্ট হাউজের সম্পৃক্ত জমির বিষয়ে দেওয়ানী মোকদ্দমা নং- ১৮৩/২০১৮এর স্থিতাবস্থা আদেশের বিরুদ্ধে মো: মহিবুর রহমান গং এর দায়েরকৃত মিস আপীল মোকদ্দমার রায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০২/০৯/২০২১ তারিখে বাতিল করে দেওয়া হয় এবং মূল মোকদ্দমাটি ০৬ মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য বিচারিক আদালতের প্রতি নির্দেশ প্রদান করা হয়। এ রায়ের বিষয়টি বিজ্ঞ জেলাজজ, পটুয়াখালী এবং যুগ্ম জেলাজজ, পটুয়াখালী ১ম আদালত- এর সাথে সাক্ষাৎ করে উপ পরিচালক (আইন বিষয়ক) কর্তৃক মৌখিকভাবে অবহিত করা হয় এবং মূল মোকদ্দমাটি ০৬ মাসের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে চূড়ান্ত শুনানীর দিন ধার্য করার আদেশ চেয়ে স্থানীয় আইন জীবীর মাধ্যমে বিচারিক আদালতে দরখাস্ত দাখিল করা হয়েছে। | ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে।<br>(গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ডেটাবেজ সফটওয়্যার তৈরীপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ তথ্য সফওয়ারে আপলোড করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ, আইন শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য প্রদান। | যুগ্মসচিব (প্রশাসন) বলেন, ৩১ আগস্ট, ২০২১ পর্যন্ত বাপাউবোর চলমান বিভাগীয় মামলার সংখ্যা-৩০টি।<br>সেপ্টেম্বর, ২০২১ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা (-) ৪টি।<br>সেপ্টেম্বর, ২০২১ মাসের দায়েরকৃত মামলার সংখ্যা (+) ৫টি।<br>বাপাউবোর বিচারাধীন মোট মামলার সংখ্যা ৩১টি।<br>নিষ্পত্তিযোগ্য ৪টি মামলার মধ্যে ২টি মামলায় ৪ জন কর্মকর্তাকে দোষী প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রদান করা হয়েছে। ১টি মামলায় ১ জন কর্মকর্তাকে চাকুরীচ্যুতি/বরখাস্ত করা হয়েছে। ১টি মামলায় ১ জন কর্মকর্তাকে বেতনের নিম্ন ধাপে অবনমিত পূর্বক শাস্তি প্রদান করা হয়েছে।<br>নদী গবেষণা ইনস্টিটিউট এর চলমান বিভাগীয় মামলার সংখ্যাঃ ২টি (১জন কর্মকর্তা এবং ১ জন কর্মচারী জড়িত)।<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থায় ১টি বিভাগীয় মামলা ছিল। যা প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তি হয়েছে। অসদাচারণ ও কর্তব্য কাজে অবহেলার দায়ে অভিযুক্ত কর্মকর্তা গুরুদণ্ড হিসেবে বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ শাস্তি প্রদান করা হয়েছে। সভাপতি বিভাগীয় মামলার বিষয়ে নীতিমালা অনুযায়ি সকল পদক্ষেপ যথাযথভাবে অনুসরণ এবং বাপাউবোর ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মামলাসমূহ নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। | (ক) সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের কতজনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে, বিভাগীয় মামলা কি অবস্থায় আছে, কতজন শাস্তি পেয়েছে এবং কতজন খালাস পেয়েছে এ সংক্রান্ত তথ্য (শাস্তি ও খালাস পাওয়ার কারণ উল্লেখসহ) প্রেরণ করতে হবে।<br>(খ) বিভাগীয় মামলার বিষয়ে নীতিমালা অনুযায়ি সকল পদক্ষেপ যথাযথভাবে অনুসরণ এবং বাপাউবোর ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মামলাসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে। | সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ। | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, পানিসম্পদমন্ত্রণালয়ের মোট ০৪টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। উক্ত ০৪টি আপত্তি নিষ্পত্তি লক্ষ্যে গত ১১/০২/২০২১ তারিখের ৯৩ নং স্মারকের মাধ্যমে পূর্ত অডিট অধিদপ্তরে ব্রডশীট জবাব প্রেরণে করেছে। উক্ত জবাবের প্রেক্ষিতে ০৪টি আপত্তির পুনঃ জবাব চেয়ে পূর্ত অডিট অধিদপ্তর পত্র প্রেরণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় পুনঃ জবাব দেওয়ার জন্য পাসম'র সংশ্লিষ্ট শাখাকে ইতিমধ্যে অনুরোধ করা হয়েছে।<br>২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত বাপাউবোর ৫০৭৮টি অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তি সাধারণত ব্রডশীট জবাব এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত মোট ৬৮টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয়সভার কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, ২০২১-২২ অর্থ বছরে ড্রেজার পরিদপ্তরে ০১টি, ফরিদপুর পওর বিভাগে ০১টি এবং শরীয়তপুর ও মাদারীপুর পওর বিভাগে ০২টিসহ সর্বমোট ০৪টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>নদী গবেষণা ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরে সেপ্টেম্বর মাস পর্যন্ত  মোট ২৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। চলতি অর্থ বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তি লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তর ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী যথারীতি জবাব প্রদান করা হয়েছে।<br>বাংলাদেশ হাওর ও জলা ভূমি উন্নয়ন অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছর পর্যন্তমোট ১৪টি (১০টি অগ্রিম +০৪টি সাধারণ) অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। উক্ত আপত্তিসমূহ নিষ্পত্তি লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ৯টি (৫টি অগ্রিম ও ৪টি সাধারণ) অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। সুপারিশ সম্বলিত কার্যবিবরণী পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, অদ্যবধি জবাব পাওয়া যায়নি। আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>২০১৩-২০২০ অর্থ বছরে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১০ টি অডিট আপত্তির মধ্যে ৫টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকী ৫টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পূর্ত অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। | অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সকল সংস্থা ও অডিট শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি। | পানি সম্পদ মন্ত্রণালয়ের রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখার জন্য ১০টি পদ সৃজনের বিষয়ে ০৩.১০.২০২১ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১০টি পদ সৃজনের প্রস্তাবটি আরও যাচাই বাছাইপূর্বক পরবর্তীতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উপস্থান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ০১/১১/২০২১ তারিখে অনু্ষ্ঠিত সভায় সচিব কমিটির অনুমোদনের জন্য পুনরায় প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | আগামী সমন্বয় সভা থেকে বিষয়টি বাদ দিতে হবে। | প্রশাসন-০২ শাখা, পাসম |
| ১৪. | উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর। | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী সংস্থাসমূহের টি.ও.এন্ড.ই এর অনুমোদিত সংস্থান অনুযায়ি বিধি মোতাবেক টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণ অথবা পরিবহণ পুলে জমা দেয়ার নিয়ম রয়েছে। কিন্তু প্রকল্প সমাপ্তির পর সংস্থাসমূহ কর্তৃক বিধি মোতাবেক টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণ অথবা পরিবহণ পুলে জমা প্রদান করা হয়না। সভাপতি প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধি মোতাবেক সংস্থাসমূহের টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণ অথবা পরিবহণ পুলে জমা দেয়ার পরামশ প্রদান করেন। এছাড়াও প্রকল্পের ইকপমেন্ট মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে ব্যবহারের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সংশ্লিষ্ট উন্নয়ন শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধি মোতাবেক সংস্থাসমূহের টি.ও.এন্ড.ই তে অন্তর্ভূক্তকরণ অথবা পরিবহণ পুলে জমা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ)প্রকল্পের ইকপমেন্ট মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে ব্যবহার করতে হবে। | সংশ্লিষ্ট সকল সংস্থা এবং সংশ্লিষ্ট উন্নয়ন শাখা, প্রশাসন-১ শাখা পাসম। |
| ১৫. | বিবিধবিষয়:<br>(ক) করোনা ভাইরাস। | কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য দ্বিতীয় ধাপ মোকাবেলায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারীকৃত পত্র মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থাসমূহ কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে। | প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে পাসম কর্তৃক প্রদত্ব নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে। | সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম। |
| | (খ) গৃহহীনদের গৃহ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের জন্য ভূমি পুনরুদ্ধার। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী দেশব্যাপী বাপাউবো'র বাঁধের পার্শ্বের খাস জমি/অধিগ্রহণকৃত অব্যবহৃত জমি চিহ্নিত করণের নিমিত্ত জরীপ কাজ চলমান রয়েছে। খাস জমি নির্বাচনের পর গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (Dredged Material) দ্বারা ভূমি উন্নয়ন করে সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। | পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ী বাঁধের অধিগ্রহণকৃত/খাস জমিতে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (Dredged Material) দ্বারা ভূমি উন্নয়ন করে নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মহাপরিচালক, বাপাউবো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (গ) বাপাউবোর একটি ডেল্টা উইং সৃজন। | সভাপ্রতি জানান, 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ প্রধান ভূমিকা পালন করছে এবং বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনার অন্তর্ভুক্ত বিনিয়োগ পরিকল্পনার সিংহভাগ বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাগুলো প্রধান ভূমিকা পালন করবে। 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাপাউবোতে সৃজনকৃত ডেল্টা উইং কাজ করছে। এ বিষয়ে সভাপতি, ডেল্টা প্ল্যানের গাইড লাইন অনুযায়ি ডেল্টা উইং এর বিষয়ে ১/২দিন ব্যাপি একটি কর্মশালা করার প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাপাউবোতে সৃজনকৃত ডেল্টা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) ডেল্টা প্ল্যানের গাইড লাইন অনুযায়ি ডেল্টা উইং এর বিষয়ে ১/২দিন ব্যাপি একটি কর্মশালা আয়োজন করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা এবং প্রশাসন-১ শাখা, পাসম। |

৩। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৫২৪

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ।

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৭) ......................................... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) উপসচিব, পরিবীক্ষণ শাখা-১, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
উপসচিব